গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২০০

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮
০৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ১১তম সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: নং-জ:শ:উ/জা:বা:ক:/সভা-০১/২০১৯/৭৯৩, তারিখ-২৪.০৮.২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ১১তম সভা গত ১২ই আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃকার্যবিবরণী (227/potrojariAttachmentRef/55401/0/4289)।

৬-৯-২০২১
মোঃ আবদুল কাদির
উপসচিব
ইমেইল: admin3@ssd.gov.bd

বিতরণ :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২০০/১(২)

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮
০৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৬-৯-২০২১
মোঃ আবদুল কাদির
উপসচিব

১ম শাখা
2021
নং-১৬...৯৪

| কারা অধিদপ্তর | | |
|---|---|---|
| অতিঃ কা ম প | | ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন |
| কা উ ম প (সদর) | ৪৫৭ | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন |
| স কা ম প (প্রশাঃ) | | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| | | ☐ আলোচনা করুন |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২০২০-৬৫৭

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর '২০২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.২০১৭-২০০ তারিখঃ ০৬-৯-২০২১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ।

১। প্রকল্প পরিচালক (সকল),কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
পত্রের মর্মানুযায়ী আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক এ বিষয়ে বর্নিত নির্দেশনা প্রতিপালনের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৩। সহকারী কারা মহাপরিদর্শক(সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২ /বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা । উল্লিখিত স্মারকটি কারা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১০। গার্ড ফাইল ।

১৩/০৯/২০২১
মোঃ মাইন উদ্দিন ভূইয়া
বিজে-০১৮৫১২০০৫৪১
সহকারী কারা মহপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ/জা:বা:ক:/সভা-০১/২০১৯/৭৯৩

তারিখঃ ০৯ই ভাদ্র ১৪২৮ / ২৪শে আগস্ট ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ১১তম সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১২ই আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার, সকাল ১১.৩০ টায় 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'র ১১তম সভা ভার্চুয়ালি (Zoom Meeting) অনুষ্ঠিত হয়েছে।

০২। এমতাবস্থায়, বর্ণিত সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১৩(তের) পাতা।

24/08/2021


পঙ্কজ ঘোষ
উপসচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৫
ই-মেইল: bangabandhu100@gmail.com


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব আ, ক, ম, মোজাম্মেল হক, মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়;
২. জনাব আসাদুজ্জামান খান, মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আহবায়ক, নিরাপত্তা বিষয়ক উপকমিটি;
৩. ড. হাছান মাহ্‌মুদ, এমপি, মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় এবং আহবায়ক, মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটি;
৪. ডা: দীপু মনি, এমপি ও মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়;
৫. জনাব গোলাম দস্তগীর গাজী, এমপি ও মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৬. জনাব আসাদুজ্জামান নূর, এমপি, আহবায়ক, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি;
৭. জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি ও প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আহবায়ক, ক্রীড়া ও আন্তর্জাতিক টুর্নামেন্ট আয়োজন উপকমিটি;
৮. জনাব কে এম খালিদ, এমপি, প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;
৯. জনাব মো: জাকির হোসেন, এমপি ও প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
১০. জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি ও প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
১১. জনাব ফরহাদ হোসেন, এমপি ও প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়;
১২. জনাব শরীফ আহমেদ,এমপি, ও প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
১৩. জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি ও উপ-মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়;
১৪. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
১৫ জনাব আরমা দত্ত, এমপি;
১৬. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
১৭. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ;
১৮. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
১৯ সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

১২০৮
০৯।০৮।২১

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ
যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন)
উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-১/২ ৩) (বাজেট-১/২) মিশন শাখা-১/২)
নং- স্বাক্ষর:

২০. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;
২১. শেখ হাফিজুর রহমান, সদস্য-সচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর;
২২. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
২৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও সদস্য-সচিব, সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি;
২৪. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;
২৫. সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়;
২৬. সচিব, বিদ্যুৎ বিভাগ;
২৭. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়;
২৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ;
২৯. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৩০. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;
৩১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;
৩২. সচিব, আইন ও বিচার বিভাগ;
৩৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন;
৩৫. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (প্রশাসন), বাংলাদেশ পুলিশ;
৩৬. জনাব রেজওয়ানা চৌধুরী বন্যা, সংগীতশিল্পী;
৩৭. জনাব লিয়াকত আলী লাকী, মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
৩৮. কবি মুহম্মদ নুরুল হুদা, মহাপরিচালক, বাংলা একাডেমি;
৩৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ;
৪০. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর;
৪১. মহাপরিচালক, বাংলাদেশ বেতার;
৪২. প্রফেসর ড. ফকরুল আলম, অনুবাদক, আহবায়ক, আন্তর্জাতিক প্রকাশনা ও অনুবাদ উপকমিটি;
৪৩. লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক;
৪৪. জনাব আতাউর রহমান, নাট্যশিল্পী;
৪৫. জনাব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, অতিরিক্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৪৬. জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, সাংবাদিক;
৪৭. জনাব ফরিদা ইয়াসমিন, সভাপতি, জাতীয় প্রেসক্লাব;
৪৮. কথাশিল্পী আনিসুল হক;
৪৯. জনাব সাজেদ আকবর, সংগীতশিল্পী;
৫০. কবি তারিক সুজাত;
৫১. জনাব মোজাম্মেল হক বাবু, সাংবাদিক;
৫২. জনাব সুভাষ সিংহ রায়, সাংবাদিক;
৫৩. জনাব ফরিদ আহমেদ, সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি;
৫৪. জনাব সিদ্দিকুর রহমান, সাবেক সভাপতি, বিজিএমইএ;
৫৫. জনাব অজয় কুমার চক্রবর্তী, যুগ্মসচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৬. জনাব মোঃ আব্দুল আওয়াল, যুগ্মসচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৭. জনাব নাসরীন জাহান লিপি, প্রধান মিডিয়া কর্মকর্তা, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৮. কমিটি অফিসার (সকল), জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৯. জনাব দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;

Bangladesh

তির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ১১তম সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী

সভাপতি: জাতীয় অধ্যাপক রফিকুল ইসলাম

সভার স্থান: অনলাইন (জুম)

তারিখ ও সময়: ১২ই আগস্ট ২০২১, বৃহস্পতিবার, সকাল ১১.৩০টা

সভায় উপস্থিতির তালিকা: জুম উপস্থিতি (তালিকা সংযুক্ত - পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম পরিচালনার জন্য বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীকে অনুরোধ করেন। প্রধান সমন্বয়ক সভা আয়োজনের প্রেক্ষাপট বর্ণনা করেন। তিনি জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আসন্ন 'জাতীয় শোক দিবস ২০২১' এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম অবহিতকরন; মুজিববর্ষের অবশিষ্ট সময়ে বিভিন্ন দিবসে অনুষ্ঠান আয়োজন, ১৬ই ডিসেম্বর ২০২১ বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ভেন্যু নির্বাচন; বিভিন্ন প্রকাশনীর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ; বিগত তিন অর্থবছরে মুজিববর্ষ উদ্‌যাপনে ব্যয়ের বিবরণী উপস্থাপনসহ বিবিধ কয়েকটি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। তিনি গত ৩০শে মে ২০২১ তারিখে অনুষ্ঠিত (জুম অনলাইনের মাধ্যমে) জাতীয় বাস্তবায়ন কমিটির ১০ম সভার কার্যবিবরণীর ওপর কোনো পর্যবেক্ষণ রয়েছে কিনা সে বিষয়ে মতামত প্রদান করতে কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। কোন সংশোধনী ছাড়াই গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

২. সভার শুরুতে সম্প্রতি অস্ট্রেলিয়ার বিপক্ষে "বঙ্গবন্ধু টি-টুয়েন্টি সিরিজ" জয়লাভ করায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জ্ঞাপন করা হয়। একই সাথে বাংলাদেশের ক্রিকেটের অগ্রযাত্রায় পৃষ্ঠপোষকতা ও বিশেষ অবদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়। সভায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)সহ সম্পৃক্ত অন্যদের প্রতিও ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৩. জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে কর্মরত প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার শাহ আলী ফরহাদ এর পিতা সাবেক অতিরিক্ত সচিব (বিসিএস প্রশাসন ৭৩ তম ব্যাচ) জনাব ফরহাদ হোসেন মাঝি এর মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে এবং শোক প্রস্তাব গ্রহণ করা হয়। প্রধান সমন্বয়ক আরও বলেন যে, কর্মজীবনে তিনি দক্ষ ও মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনায় নিবেদিতপ্রাণ একজন কর্মকর্তা ছিলেন।

৪. জাতীয় শোক দিবস ২০২১ উদ্‌যাপন

৪.১ প্রধান সমন্বয়ক জানান, কমিটির পক্ষ হতে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সকল টেলিভিশন চ্যানেল, অনলাইন মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য একটি বিশেষ আলোচনা অনুষ্ঠান ধারণের কাজ শুরু হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। আলোচকবৃন্দের মধ্যে থাকবেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, এমপি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান এবং বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ। অনুষ্ঠানে স্বাগত আলোচনা ও সঞ্চালনা করবেন সাবেক প্রতিমন্ত্রী তারানা হালিম। আলোচনা অনুষ্ঠানে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর একটি অডিওভিজুয়াল প্রদর্শন করা হবে। এছাড়াও "তরুণ প্রজন্মের চোখে বঙ্গবন্ধু শেখ মুজিব" শীর্ষক অপর একটি আলোচনা অনুষ্ঠানের পরিকল্পনা করা হয়েছে যেটি ১৮ই আগস্ট এর পর যেকোন দিন প্রচার করা যেতে পারে বলে প্রধান সমন্বয়ক প্রস্তাব করেন।

৪.২ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| জাতীয় শোক দিবসের ধারণকৃত অনুষ্ঠান আগামী ১৭ই আগস্ট ২০২১ সম্প্রচারিত হবে। অনুষ্ঠানটি বিটিভিতে সন্ধ্যা ৭টায় প্রচারের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় এবং অন্যান্য টিভি চ্যানেলগুলোতে সন্ধ্যা ৭টা থেকে রাত ১০টার মধ্যে প্রচারের ব্যাপারে এ্যাটকোর সাথে আলোচনার মাধ্যমে ঠিক করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। "তরুণ প্রজন্মের চোখে বঙ্গবন্ধু শেখ মুজিব" শীর্ষক আলোচনা অনুষ্ঠানটি ১৮ই আগস্ট এর পর যেকোন দিন প্রচার করা যেতে পারে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |

৪.৩ সভায় জানানো হয় জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ হতে সারাদেশে সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠানসমূহে আগস্ট মাসজুড়ে ড্রপডাউন ব্যানার স্থাপনের জন্য ড্রপডাউন ব্যানারের ডিজাইন সরবরাহ করা হয়েছিল। তদনুযায়ী সারাদেশে বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠান ড্রপ ডাউন ব্যানার লাগিয়েছে যা থেকে দিবসের আয়োজনে নতুন মাত্রা দিয়েছে। ড্রপডাউন ব্যানার স্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৪.৪ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তিনটি ডিজাইনের ৬ লক্ষাধিক বাংলা ও ইংরেজি পোস্টার মুদ্রণ করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে সারাদেশে এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রেরণ করা হয়েছে। ১৫ই আগস্ট ২০২১ জাতীয় শোক দিবসে ঢাকায় জাতীয় পত্রিকাগুলোর সাথে ২ লক্ষাধিক বিশেষ পোস্টার সরবরাহ করা হবে বলে সভায় জানানো হয়। তবে শুধু ঢাকার মধ্যে সীমাবদ্ধ না রেখে ঢাকার বাইরেও পত্রিকার সাথে দেওয়া যেতে পারে মর্মে কয়েকজন মত প্রকাশ করেন। সে প্রেক্ষিতে আরও বেশি সংখ্যক পোস্টার ছাপানোর পক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪.৫ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তিনটি ডিজাইনের ৬ লক্ষাধিক বাংলা ও ইংরেজি পোস্টার এবং পত্রিকার সাথে বিতরণের জন্য ৪ লক্ষ ট্যাবলয়েড সাইজের পোস্টার বাংলাদেশ সরকারি মুদ্রণালয় থেকে ছাপানো যেতে পারে। | ❖ বাংলাদেশ সরকারি মুদ্রণালয়<br>❖ জনপ্রশাসন মন্ত্রণালয় |

৫. বিভিন্ন দিবস উদ্‌যাপন সংক্রান্ত

৫.১ **২৫শে সেপ্টেম্বর ২০২১:** জাতিসংঘে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলায় ভাষণ দেওয়া উপলক্ষ্যে ২৫শে সেপ্টেম্বর ২০২১ তারিখের পরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক বি. এম সালাউদ্দিন মাহমুদ জানান যে উক্ত দিবসে ফরেন সার্ভিস একাডেমিতে একটি অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি সংযুক্ত থাকবেন মর্মে সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন। এছাড়াও আগামী ৪-৫ই ডিসেম্বর ২০২১ "আন্তর্জাতিক শান্তি সম্মেলন" এর কর্মসূচি আয়োজন করা হবে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন।

৫.২ **২৮শে সেপ্টেম্বর ২০২১:** মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্মদিনটি জাতির জন্য একটি বিশেষ দিন বিধায় জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে দিনটিকে বিশেষভাবে উদযাপনের লক্ষ্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। বাস্তবায়ন কমিটির অধীন ৮টি উপকমিটির আহ্বায়কবৃন্দকে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। উক্ত কমিটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী, শিক্ষা মন্ত্রীসহ সংশ্লিষ্টদের সাথে আলোচনাপূর্বক দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনের বিষয়ে রূপরেখা প্রণয়ন করে বাস্তবায়ন কমিটিকে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন যে, বাংলাদেশের সর্বপ্রথম এনিমেটেড পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র "মুজিব আমার পিতা" নির্মিত হয়েছে, যেটি মাননীয় প্রধানমন্ত্রীর লেখা গ্রন্থ হতে নেওয়া। তিনি চলচ্চিত্রটি সেন্সর বোর্ডের অনুমতি সাপেক্ষে ২৮শে সেপ্টেম্বর ২০২১ তারিখে সারাদেশে আনুষ্ঠানিকভাবে মুক্তি দেয়ার প্রস্তাব করেন, মুজিববর্ষ উদযাপনে এটি যথাযথ হবে বলে তিনি উল্লেখ করেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। ধর্ম মন্ত্রণালয়ের সচিব মোঃ নুরুল ইসলাম সভাকে অবহিত করেন যে, ওইদিন ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে সারা দেশে মসজিদগুলোতে দোয়া মাহফিল এর আয়োজন থাকবে এবং অন্যান্য ধর্মাবলম্বীদের প্রার্থনার স্থানগুলোতেও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য প্রার্থনা করা হবে মর্মে পরিকল্পনা করা হয়েছে।

৫.৩ **১৮ই অক্টোবর ২০২১:** বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের জন্মদিনটি প্রতিবছর শিশু একাডেমীর মাধ্যমে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক উদযাপন করা হয়। ঢাকার বাইরে শিশু-কিশোরদের বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন, আলোচনা অনুষ্ঠান, কবিতা সংকলন করা হবে মর্মে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব অবহিত করেন।

৫.৪ **৩রা নভেম্বর ২০২১:** জেল হত্যা দিবস পালনের ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান জানান, দিনটি রাষ্ট্রীয় যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ জাতীয় চার নেতাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে ওইদিনের কর্মসূচীর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি সভায় সকলকে অবহিত করেন যে, বছরটি মুজিববর্ষ এবং স্বাধীনতার ৫০তম বছর বিধায় এর গুরুত্ব ও তাৎপর্যের ব্যাপারটি মাথায় রেখে বিশেষভাবে দিনটি উদযাপন করা হবে।

৫.৫ **৪ঠা নভেম্বর ২০২১:** সংবিধান দিবস পালন করার বিষয়ে প্রধান সমন্বয়ক সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটিকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয় এবং সংশ্লিষ্ট অন্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক সভা আহ্বান করে চূড়ান্ত কর্মসূচী প্রণয়নের অনুরোধ করেন।

৫.৬ **১৪ই ডিসেম্বর ২০২১:** শহিদ বুদ্ধিজীবী দিবস পালন বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী জানান যে, দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের ব্যাপারে তারা কর্মসূচী প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করছে। সেমিনার, ওয়ার্কসপ ও

আলোচনা সভা আয়োজন উপকমিটিকে উক্ত দিবসের জন্য কর্মসূচি প্রণয়ন করতে পারে বলে সভায় আলোচনা করা হয়।

৫.৭ সিদ্ধান্ত

<table>
<tr><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>ক) আগামী ২৫শে সেপ্টেম্বর ২০২১ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাতিসংঘে বাংলায় ভাষণ দেয়া উপলক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় একটি অনুষ্ঠান আয়োজন করবে।<br>খ) আগামী ৪-৫ই ডিসেম্বর ২০২১ পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত "আন্তর্জাতিক শান্তি সম্মেলন" আয়োজন নিয়ে অগ্রগতি বিষয়ে জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত রাখবে।</td><td>❖ পররাষ্ট্র মন্ত্রণালয়<br>❖ আন্তর্জাতিক কর্মসূচি ও যোগাযোগ উপকমিটি</td></tr>
<tr><td>গ) জাতীয় বাস্তবায়ন কমিটি আগামী ২৮শে সেপ্টেম্বর ২০২১ মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্মদিন উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এ দিনটি বিশেষভাবে উদ্‌যাপনের জন্য নিম্নরূপে একটি কমিটি গঠন করা হলো:<br><table>
<tr><td>মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়</td><td>সদস্য</td></tr>
<tr><td>জাতীয় বাস্তবায়ন কমিটির ৮টি উপকমিটির আহ্বায়ক</td><td>সদস্য</td></tr>
<tr><td>প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়</td><td>সদস্য</td></tr>
<tr><td>মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি</td><td>সদস্য</td></tr>
<tr><td>সভাপতি, জাতীয় প্রেসক্লাব</td><td>সদস্য</td></tr>
<tr><td>কবি তারিক সুজাত</td><td>সদস্য</td></tr>
<tr><td colspan="2">জনাব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, অতিরিক্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়- এ কমিটিকে প্রয়োজনীয় দাপ্তরিক সহায়তা প্রদান করবেন</td></tr>
</table></td><td>গঠিত কমিটি</td></tr>
<tr><td>ঘ) আগামী ১৮ই অক্টোবর ২০২১ বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের জন্মদিন অন্যান্য বছরের ন্যায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আয়োজন করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় সহায়তা দিবে।</td><td>❖ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>❖ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</td></tr>
<tr><td>ঙ) আগামী ৩রা নভেম্বর ২০২১ জেল হত্যা দিবস রাষ্ট্রীয় যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে।</td><td>❖ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>❖ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়</td></tr>
<tr><td>চ) আগামী ৪ঠা নভেম্বর ২০২১ সংবিধান দিবস পালন বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয় এবং সংশ্লিষ্টদের সাথে সমন্বয়পূর্বক 'সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি' কর্মসূচী প্রণয়ন করবে</td><td>❖ সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি<br>❖ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br>❖ জাতীয় সংসদ সচিবালয়</td></tr>
</table>

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ছ) আগামী ১৪ই ডিসেম্বর ২০২১ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় পরিকল্পনা গ্রহণ করবে। আলোচনা সভা আয়োজনের ক্ষেত্রে 'সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি'কে সম্পৃক্ত করতে পারে। | ❖ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br>❖ সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি |

৬. বিশেষ কার্যক্রম সংক্রান্ত

৬.১ প্রধান সমন্বয়ক বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীকে দেশের তৃণমূল পর্যায়ে অধিকতর অর্থবহ করতে "গণতন্ত্রের শিখা প্রদক্ষিণ" শীর্ষক একটি কর্মসূচী প্রণয়নের প্রস্তাব এসেছে। তৃণমূল থেকে প্রজ্বলিত গণতন্ত্রের শিখা সারাদেশ পরিভ্রমণ শেষে রাজধানীতে এনে আগামী ১৬ই ডিসেম্বর ২০২১ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর করা হবে। এ নিয়ে সভায় আলোচনা হয়। এ কর্মসূচির ফোকাল পয়েন্ট হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং রূপরেখা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় তৈরী করতে পারে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসহ তৃণমূল পর্যায়ে অংশীজনদের সম্পৃক্ত করে একটি বস্তুবধর্মী রূপরেখা প্রণয়ন করে জাতীয় বাস্তবায়ন কমিটির নিকট উপস্থাপন করতে পারে। জাতীয় বাস্তবায়ন কমিটি এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন কমিটি যৌথভাবে কর্মসূচি বাস্তবায়নে কাজ করতে পারে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয়কে 'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী আয়োজন কমিটি' ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সমন্বিতভাবে আলোচনা করে পরিকল্পনা প্রণয়নের জন্য সভায় অনুরোধ করা হয়।

৬.২ "মুজিব চিরন্তন" অনুষ্ঠান উপলক্ষ্যে এবং মুজিববর্ষে বিভিন্ন দিবসে নির্মিত অডিও ভিজ্যুয়ালসমূহ ঢাকা ও ঢাকার বাইরে তথা দেশব্যাপী প্রদর্শনের জন্য মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটির আহ্বায়ক এবং সদস্য সচিবের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং একটি কর্মপরিকল্পনা প্রণয়নের অনুরোধ জানানো হয়। সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন ফিল্ম আর্কাইভ, সোহরাওয়ার্দী উদ্যানের বিশেষ প্রেক্ষাগৃহ, জেলা-উপজেলা পর্যায়ে শিল্পকলা একাডেমির মাধ্যমেও প্রদর্শন করা যায় মর্মে প্রধান সমন্বয়ক প্রস্তাব করেন।

৬.৩ মুজিববর্ষের বিভিন্ন দিবসে যে প্রকাশিত পোস্টারসমূহ এবং শিল্পী শাহজাহান আহমেদ বিকাশ এর ১৪৬ ফুট দৈর্ঘ্যের পেইন্টিংটি ডিসেম্বর ২০২১ এর কোন এক সময়ে প্রদর্শনের জন্য মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি একটি পরিকল্পনা করতে পারেন বলে আলোচনা হয়। সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ, এমপি বলেন যেহেতু পেইন্টিংটি পোর্টেবল সুতরাং এটি বিভিন্ন জায়গায় নিয়ে গিয়েও প্রদর্শনীর ব্যবস্থা করা যাবে। এ পর্যায়ে জনাব আসাদুজ্জামান নূর, এম.পি প্রস্তাব করেন তৃণমূল পর্যায়ে যেন পৌছানো যায় সেজন্য পোর্টেবল পেইন্টিংটি ঢাকার পাশাপাশি জেলা-উপজেলায় জেলা প্রশাসন ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহায়তায় প্রদর্শনের চিন্তা করা যায়। প্রধান সমন্বয়ক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কেও এই কর্মসূচিতে যুক্ত করার পক্ষে মতামত প্রকাশ করেন।

৬.৪ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর রচিত সকল গ্রন্থসমূহের একটি বিশেষ প্রদর্শনী আয়োজনের জন্য মহাপরিচালক, বাংলা একাডেমিকে অনুরোধ জানানো হয়। তিনি সভাকে জানান যে ইতোমধ্যে এ ব্যাপারে তারা কাজ

শুরু করেছেন এবং ১লা ডিসেম্বর ২০২১ তারিখ হতে প্রদর্শনীর আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ডিসেম্বর মাসে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে শিশু-কিশোর মেলা বিশেষভাবে আয়োজনের অনুরোধ জানানো হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বলেন কেন্দ্রীয়ভাবে মেলা উদ্‌যাপনের পাশাপাশি স্থানীয় ও তৃণমূল পর্যায়েও মেলার ব্যাপ্তি প্রসারিত করে প্রস্তুতি গ্রহণ করবে।

৬.৫ ডিসেম্বর মাসে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ, এমপি জানান যে, ইতোমধ্যে জেলা পর্যায়ে ০৩ দিনব্যাপী 'সাংস্কৃতিক উৎসব' আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জানান তাদের বিভাগ কর্তৃক বিগত ৪ বছর ধরে ১২ই ডিসেম্বর 'কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ' আয়োজন করে আসছে। ২০২১ বছরটি বিশেষ তাৎপর্যময় বিধায় এবার জেলা-উপজেলা পর্যায় পর্যন্ত যুব সমাজকে সম্পৃক্ত করে কনসার্ট আয়োজনের প্রস্তাব করেন যদি কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হয় এবং সরকারি অনুমতি পাওয়া যায়। ১৯৭১ সালের ১লা আগস্ট নিউইয়র্ক এর ম্যাডিসন গার্ডেন স্কয়ারে পণ্ডিত রবিশঙ্করের উদ্যোগে ইউনিসেফ যে কনসার্ট আয়োজন করেছিলো তার ৫০ বছর পূর্তি হচ্ছে এ বছর। সুতরাং এটিকে স্মরণীয় করার লক্ষ্যে যথযথ কর্তৃপক্ষের সম্মতি সাপেক্ষে উক্ত স্থানে কনসার্ট আয়োজন করা যেতে পারে।

৬.৬ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) "গণতন্ত্রের শিখা প্রদক্ষিণ" শীর্ষক কর্মসূচীর ফোকাল পয়েন্ট হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং রূপরেখা তৈরী করবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। এক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে কর্মসূচীর পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ফোকাল পয়েন্ট: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br>রূপরেখা তৈরি: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>সহযোগিতায়: সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| খ) মুজিববর্ষে বিভিন্ন সময়ে তৈরিকৃত অডিও ভিজ্যুয়ালসমূহ দেশব্যাপী বিভিন্ন মাধ্যমে প্রদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে। | ❖ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>❖ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| গ) মুজিববর্ষের বিভিন্ন দিবসে প্রকাশিত পোস্টারসমূহ এবং জনাব শাহজাহান আহমেদ বিকাশ এর ১৪৬ ফুট দৈর্ঘ্যের পেইন্টিংটি ডিসেম্বর ২০২১ এর কোন এক সময়ে প্রদর্শনের পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ঘ) মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আগামী ডিসেম্বর মাসে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় শিশু-কিশোর মেলা আয়োজন করবে। কেন্দ্রীয়ভাবে উদ্‌যাপনের পাশাপাশি স্থানীয় ও তৃণমূল পর্যায়েও মেলার ব্যাপ্তি প্রসারিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ঙ) আগামী ডিসেম্বরে সাংস্কৃতিক উৎসব আয়োজনের লক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি সংশ্লিষ্টদের সাথে পরামর্শ করে পরিকল্পনা প্রণয়ন করবে। | ❖ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি<br>❖ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

৭. মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান আয়োজন

৭.১ ১৬ই ডিসেম্বর ২০২১ জাতীয় প্যারেড স্কয়ারে আন্তর্জাতিক প্যারেডের আয়োজন করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয় এবং সেজন্যে মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানের বিকল্প ভেন্যু এবং কর্মসূচি নির্ধারণ প্রয়োজন বলে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। ১৫-১৬ই ডিসেম্বর ২০২১ মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে বলে সকলে অভিমত প্রকাশ করেন। ভেন্যু নির্বাচনের বিষয়ে সকলে মতামত প্রদান করেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক, এমপি এ ব্যাপারে বলেন যে, সংসদ ভবনের দক্ষিণ প্লাজা নিরাপত্তার দিক দিয়ে বিবেচনা করলে যুক্তিযুক্ত হবে, আবার ঐতিহাসিক ও তাৎপর্যের দিক দিয়ে বিবেচনা করলে সোহরাওয়ার্দী উদ্যান নির্বাচন যুক্তিযুক্ত হবে। জাতীয় বাস্তবায়ন কমিটির মাননীয় সভাপতিও এ ব্যাপারে সম্মতি প্রকাশ করেন। জাতীয় প্যারেড স্কয়ারের বিকল্প হিসেবে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা, সোহরাওয়ার্দী উদ্যান এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামকে বিবেচনায় নিয়ে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত হয়।

৭.২ আগামী ১৫-১৬ই ডিসেম্বর ২০২১ দুইদিন ব্যাপী মূল অনুষ্ঠানমালায় আলোচনা সভার জন্য 'সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি' এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য 'সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি'কে স্ব স্ব অনুষ্ঠানের রূপরেখা প্রণয়নের জন্য অনুরোধ করা হয়। 'সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটির আহ্বায়ক জনাব আসাদুজ্জামান নূর বলেন, সকলের মতামতকে বিবেচনা করে দেশীয় সংস্কৃতিকে তুলে ধরার নিমিত্তে বাংলাদেশ শিল্পকলা একাডেমি একটি বৈচিত্র্যময় ও মানসম্পন্ন অনুষ্ঠানের রূপরেখা তৈরি করে বাস্তবায়ন কমিটির নিকট উপস্থাপন করতে পারে। সভায় আগামী ১২ই সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে রূপরেখা চূড়ান্ত করার অনুরোধ জানানো হয়। গত ১৭ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান এবং ১৭-২৬শে মার্চ ২০২১ দশদিনব্যাপী অনুষ্ঠানের ন্যায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান স্ব স্ব অধিক্ষেত্রে দায়িত্ব পালন করতে পারে বলে সবাই একমত পোষণ করেন।

৭.৩ প্রধান সমন্বয়ক জানান যে, জাতীয় কমিটি এবং জাতীয় বাস্তবায়ন কমিটির সকল সদস্য কর্তৃক গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানানোর পরিকল্পনা করা হয়েছিল যা কভিড-১৯ পরিস্থিতিতে এখনো বাস্তবায়ন করা যায়নি। আগামী অক্টোবর বা নভেম্বর মাসের সুবিধাজনক সময়ে এ কর্মসূচি বাস্তবায়ন করা যেতে পারে। সমাধিতে শ্রদ্ধা নিবেদনের পর আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের প্রস্তাব করা হয় যেটির ডিজাইন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মাধ্যমে করার সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে টুঙ্গিপাড়ায় আলোচনা অনুষ্ঠান আয়োজনের জন্য সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটিকে দায়িত্ব প্রদান করা হয়।

৭.৪ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) আগামী ১৫-১৬ই ডিসেম্বর ২০২১ মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ভেন্যু নির্বাচনের বিষয়ে জাতীয় প্যারেড স্কয়ারের বিকল্প হিসেবে নিম্নলিখিত স্থান প্রাথমিক নির্বাচন করা হয়:<br>❖ জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা<br>❖ সোহরাওয়ার্দী উদ্যান<br>❖ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম<br>এর মধ্য থেকে একটি ভেন্যু নির্বাচনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রস্তাব প্রেরণ করা হবে। | জাতীয় বাস্তবায়ন কমিটি |
| খ) আগামী ১৫-১৬ই ডিসেম্বর ২০২১ দুইদিন ব্যাপী মূল অনুষ্ঠানমালায় আলোচনা সভার জন্য 'সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি' এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য 'সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি' স্ব স্ব অনুষ্ঠানের রূপরেখা প্রণয়ন করবে। | ❖ 'সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি'<br>❖ 'সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি' |
| গ) গত ১৭ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান এবং ১৭-২৬শে মার্চ ২০২১ দশদিনব্যাপী অনুষ্ঠানের ন্যায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ শিল্পকলা একাডেমিসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান স্ব স্ব অধিক্ষেত্রে দায়িত্ব পালন করবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর |
| ঘ) আগামী অক্টোবর বা নভেম্বর মাসের সুবিধাজনক সময়ে জাতীয় কমিটি এবং জাতীয় বাস্তবায়ন কমিটির সকল সদস্য কর্তৃক গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানাবেন। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী অংশগ্রহন করবেন কিনা বিষয়টি নিশ্চিত হতে হবে। শ্রদ্ধা নিবেদনের পর স্থানীয় প্রশাসনের সহায়তায় আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ শিল্পকলা একাডেমি সাংস্কৃতিক অনুষ্ঠানের রূপরেখা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। আলোচনা অনুষ্ঠান আয়োজনের জন্য সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি দায়িত্ব পালন করবে। | ❖ জাতীয় বাস্তবায়ন কমিটি<br>❖ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটির তত্ত্বাবধানে বাংলাদেশ শিল্পকলা একাডেমি<br>❖ স্থানীয় প্রশাসন<br>❖ সেমিনার, ওয়ার্কসপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি |

## ৮. প্রকাশনা সংক্রান্ত

৮.১ জাতীয় বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে প্রকাশিতব্য প্রকাশনাসমূহের প্রকাশক চূড়ান্তকরণের লক্ষ্যে সম্ভাব্য প্রকাশনার নাম সভায় উপস্থাপন করা হয়। "আন্তর্জাতিক প্রকাশনা ও অনুবাদ উপকমিটি" ও "প্রকাশনা ও সাহিত্য উপকমিটি" স্ব স্ব অধিক্ষেত্রের প্রকাশনার জন্য প্রকাশক প্রতিষ্ঠান চূড়ান্ত করতে পারে মর্মে সভায় আলোচনা হয়। এ পর্যায়ে বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নুরুল হুদা জানান যে প্রায় ৮টি গ্রন্থের পান্ডুলিপি চূড়ান্ত হয়ে গেছে, সেগুলো অক্টোবরের প্রথম সপ্তাহের মধ্যেই ছাপানো সম্ভব, বাকিগুলোর কাজও চলছে। সভায় কয়েকটি প্রকাশনার জন্য প্রকাশক চূড়ান্ত করা হয়।

### ৮.২ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে প্রকাশিতব্য নিম্নলিখিত প্রকাশনার জন্য প্রকাশক প্রতিষ্ঠান চূড়ান্ত করা হয়: (নিচের সারণি) | ❖ মন্ত্রিপরিষদ বিভাগ<br>❖ আন্তর্জাতিক প্রকাশনা ও অনুবাদ উপকমিটি<br>❖ প্রকাশনা ও সাহিত্য উপকমিটি<br>❖ জাতীয় বাস্তবায়ন কমিটি |

| প্যাকেজ | প্রকাশনার সংক্ষিপ্ত শিরোনাম | প্রকাশনা প্রতিষ্ঠান |
|---|---|---|
| GR-1 2021-22 | বঙ্গবন্ধু মেমোরিয়াল ভলিউম (বাংলা ভার্সন) | মেসার্স ওয়ান স্টপ প্রিন্ট সপ |
| GR-2 2021-22 | বঙ্গবন্ধু মেমোরিয়াল ভলিউম (ইংরেজি ভার্সন) | কালারলাইন |
| GR-3 2021-22 | 'শেখ মুজিব: লাইফ এন্ড টাইমস' শীর্ষক কফি টেবিল বই প্রকাশ | নিমফিয়া পাবলিকেশনস |
| GR-** 2021-22 | চিরঞ্জীব মুজিব | ইউপিএল |
| GR-- 2021-22 | মুজিববর্ষের বিভিন্ন দিবসের কার্যক্রমের ওপর বিশেষ প্রকাশনা | বিজি প্রেস |
| GR-10 2021-22 | ১৭-২৬শে মার্চ ২০২১ ঐতিহাসিক ১০ দিনের অনুষ্ঠানের উপর প্রকাশনা | বক্স অফিস |
| GR-[illegible] 2021-22 | ❖ 'মুজিব চিরন্তন' অনুষ্ঠানের থিম এবং বিদেশি অতিথিদের ভিডিও/টেক্সট ম্যাসেজ এর সংকলন | এক্সপ্রেশনস্ লি: |
| GR-13 2021-22 | ❖ মুজিববর্ষে প্রকাশিত পোস্টার ও ই-পোস্টারের এলবাম প্রকাশ | |
| GR-8 2021-22 | ❖ মুজিববর্ষে জাতীয় বাস্তবায়ন কমিটি এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কর্মকাণ্ডের সংকলনসহ মুজিববর্ষের প্রতিবেদন | মেসার্স ওয়ান স্টপ প্রিন্ট সপ/ জার্নিম্যান বুকস |
| GR-18 2021-22 | ❖ টেলিভিশনে প্রচারিত 'বঙ্গবন্ধু প্রতিদিন' শীর্ষক অনুষ্ঠানমালার সংকলন | |

| গৃহীত সিদ্ধান্ত | | | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| GR-12<br>2021-22 | মুজিববর্ষে বিশিষ্ট ব্যক্তিদের প্রদানকৃত বক্তৃতার সংকলন | বাংলা একাডেমি | |
| "আন্তর্জাতিক প্রকাশনা ও অনুবাদ উপকমিটি" ও "প্রকাশনা ও সাহিত্য উপকমিটি" স্ব স্ব অধিক্ষেত্রের অন্যান্য প্রকাশনার জন্য প্রকাশক প্রতিষ্ঠান চূড়ান্ত করবে। | | | |

## ৯. নাগরিক তহবিলের অর্থে বিভিন্ন ক্রয় সম্পাদন

৯.১ নাগরিক তহবিলের অর্থে মুজিববর্ষের লোগো সম্বলিত টাইটান ব্যান্ডের ঘড়ি ক্রয়ের জন্য গত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। সভায় জানানো হয় যে, টাইটান ব্রান্ডের স্থানীয় এজেন্ট 'কল্লোল লিমিটেড' এর নিকট থেকে ৩০০টি ঘড়ি (২২৫টি পুরুষ, ৭৫টি নারী) ক্রয়ের জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে **(পরিশিষ্ট-'খ')**। কোটেশন মোতাবেক ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ৩৭,৫০,০০০/- (টাকা সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) উপস্থাপন করা হয়। আলোচনান্তে কমিটি ৩০০ টি ঘড়ি ক্রয়ের অনুমোদন প্রদান করে। সভায় জনাব তানভীর মোকাম্মেল কর্তৃক তৈরীকৃত ১৫ই আগস্ট জাতীয় শোক দিবসের ওপর ভিডিওচিত্র নির্মাণের ব্যয় ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ৩,৬০,০০০/ (টাকা তিন লক্ষ ষাট হাজার মাত্র) **(পরিশিষ্ট-'গ')** নাগরিক তহবিলের অর্থে ব্যয়ের অনুমোদনের প্রদান করা হয়। জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষ্যে 'ঢাকা সংবাদপত্র হকার্স বহুমুখী সমবায় সমিতি লি:' কর্তৃক রাজধানী শহর ঢাকায় ২ লক্ষ দৈনিক পত্রিকার সাথে 'ট্যাবলয়েড সাইজের বিশেষ পোস্টার' বিতরন খরচ বাবদ ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ১,০০,০০০/ (টাকা এক লক্ষ মাত্র) **(পরিশিষ্ট- 'ঘ')** নাগরিক তহবিলের অর্থে ব্যয়ের অনুমোদনের প্রদান করা হয়।

৯.২ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| নাগরিক তহবিলের অর্থে নিম্নলিখিত ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়:<br><br>(ক) মুজিববর্ষের লোগো সম্বলিত টাইটান ব্র্যান্ডের ৩০০টি ঘড়ি (২২৫টি পুরুষ, ৭৫টি নারী) উক্ত ব্র্যান্ডের স্থানীয় ডিলার **'কল্লোল লিমিটেড'** এর নিকট থেকে ক্রয়ের জন্য ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ৩৭,৫০,০০০/- (টাকা সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ) ১৫ই আগস্ট জাতীয় শোক দিবসের ওপর ভিডিওচিত্র নির্মাণের জন্য **"কিনো আই ফিল্মস'** এর সত্ত্বাধিকারী জনাব তানভীর মোকাম্মেল এর নিকট থেকে প্রাপ্ত কোটেশন মোতাবেক ব্যয় ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ৩,৬০,০০০/ (টাকা তিন লক্ষ ষাট হাজার মাত্র) অনুমোদন প্রদান করা হয়।<br><br>(গ) জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে **'ঢাকা সংবাদপত্র হকার্স বহুমুখী সমবায় সমিতি লি:'** কর্তৃক রাজধানী শহর ঢাকায় ২ লক্ষ দৈনিক পত্রিকার সাথে 'ট্যাবলয়েড সাইজের বিশেষ পোস্টার' বিতরণ খরচ বাবদ ভ্যাট ও ট্যাক্সসহ মোট টাকা ১,০০,০০০/ (টাকা এক লক্ষ মাত্র) ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। | জাতীয় বাস্তবায়ন কমিটি |

১০. গত ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২০২১ অর্থ বছরে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত অনুষ্ঠান আয়োজনে ব্যয়ের অনুমোদন

১০.১ মুজিব বর্ষ উদ্‌যাপনে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত অনুষ্ঠান আয়োজনে গত ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২০২১ অর্থ বছরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর জাতীয় বাস্তবায়ন কমিটির তহবিল এবং নিজস্ব তহবিলেরর মাধ্যমে ব্যয়িত অর্থের ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণের লক্ষ্যে সুপারিশ প্রস্তুতের লক্ষ্যে ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করা হয় (পরিশিষ্ট- 'ঙ')।

১০.২ সিদ্ধান্ত

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- |
| (ক) মুজিববর্ষ উদ্‌যাপনে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত অনুষ্ঠান আয়োজনে গত ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২০২১ অর্থ বছরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের মাধ্যমে জাতীয় বাস্তবায়ন কমিটির তহবিল থেকে যথাক্রমে টাকা ১৮,৯০,৯৫৭/-, টাকা ২৩,৬৩,৭১,৪১৪/- এবং টাকা ৬৩,৫৫,৪৪,১৩৫/- অর্থাৎ মোট টাকা ৮৭,৩৮,০৬,৫০৬/- (টাকা সাতাশি কোটি আটত্রিশ লক্ষ ছয় হাজার পাঁচশত ছয় মাত্র) ব্যয় হয়।<br><br>(খ) একই সাথে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত অনুষ্ঠান আয়োজনে মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব তহবিল থেকে গত ২০১৯-২০ এবং ২০২০-২০২১ অর্থ বছরে যথাক্রমে টাকা ৬৫,৬৬,৩০,১৪৪/- এবং টাকা ৪৫,৯৯,০৬,৫০৮/- অর্থাৎ মোট টাকা ১১১,৬৫,৩৬,৬৫২/- (টাকা একশত এগার কোটি পঁয়ষট্টি লক্ষ ছত্রিশ হাজার ছয় শত বায়ান্ন মাত্র) ব্যয় হয়।<br><br>অর্থাৎ মুজিববর্ষ উদ্‌যাপনে জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত অনুষ্ঠান আয়োজনে গত তিন অর্থবছরে ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট ব্যয় টাকা **১৯৯,০৩,৪৩,১৫৮/- (টাকা একশত নিরানব্বই কোটি তিন লক্ষ তেতাল্লিশ হাজার একশত আটান্ন মাত্র)**। 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' উপর্যুক্ত এ ব্যয়ের অনুমোদন এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি'র পরবর্তী সভায় এ ব্যয়ের ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জাতীয় বাস্তবায়ন কমিটি |

১১. অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ভার্চুয়াল সভায় উপস্থিত থাকার জন্য সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
প্রধান সমন্বয়ক
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

জাতীয় অধ্যাপক রফিকুল ইসলাম
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৩৩. শেখ হাফিজুর রহমান, সদস্য-সচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর;
৩৪. জনাব আতাউর রহমান, নাট্যশিল্পী;
৩৫. জনাব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, অতিরিক্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৩৬. জি এস এম জাফরউল্লাহ, অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), জননিরাপত্তা বিভাগ;
৩৭. জনাব ফরিদা পারভীন, অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৩৮. মহাপরিচালক, বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সেল, পররাষ্ট্র মন্ত্রণালয়;
৩৯. কর্ণেল মাসুদ, সশস্ত্র বাহিনী বিভাগ;
৪০. জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, সাংবাদিক;
৪১. জনাব ফরিদা ইয়াসমিন, সভাপতি, জাতীয় প্রেসক্লাব;
৪২. কথাশিল্পী আনিসুল হক;
৪৩. জনাব সাজেদ আকবর, সংগীতশিল্পী;
৪৪. কবি তারিক সুজাত;
৪৫. জনাব মোজাম্মেল হক বাবু, সাংবাদিক;
৪৬. জনাব সুভাষ সিংহ রায়, সাংবাদিক;
৪৭. জনাব ফরিদ আহমেদ, সভাপতি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি;
৪৮. জনাব সিদ্দিকুর রহমান, সাবেক সভাপতি, বিজিএমইএ;
৪৯. জনাব অজয় কুমার চক্রবর্তী, যুগ্মসচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫০. জনাব মোঃ আব্দুল আওয়াল, যুগ্মসচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫১. জনাব রিয়াজ আহমেদ, অধ্যাপক, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫২. কাজী মাহবুবুল আলম, উপসচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৩. জনাব পঙ্কজ ঘোষ, উপসচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৪. জনাব নাসরীন জাহান লিপি, প্রধান মিডিয়া কর্মকর্তা, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৫. জনাব সালমা বেগম, প্রোগ্রাম অফিসার, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৬. জনাব দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৭. জনাব আফসানা আইয়ুব, প্রোগ্রাম অফিসার, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৮. জনাব মুহম্মদ মোহসিন রেজা, উপপ্রধান তথ্য কর্মকর্তা, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৫৯. কাজী তানজীলা জাহান, প্রোগ্রাম অফিসার, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৬০. জনাব স্নিগ্ধা বাউল, সহকারী অধ্যাপক (আমাই), জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়;
৬১. জনাব সাকিলা ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়।